# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-I Examination, 2019

## BENGALI

## PAPER-I

Time Allotted: 4 Hours | Full Marks: 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। (ক) কবি কাশীরাম দাস-এর আবির্ভাবকাল উল্লেখ করো। অনুবাদ কর্মে তাঁর কৃতিত্ব আলোচনা করো। ১৬

অথবা

ধর্মদেবতার স্বরূপ ব্যাখ্যা করো। এই কাব্যধারায় একজন বিশিষ্ট কবির কাব্য কৃতিত্বের পরিচয় দাও।

(খ) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের অবদান আলোচনা করো। ১৬

অথবা

নাট্যকার গিরিশচন্দ্র ঘোষের নাট্য প্রতিভার পরিচয় দাও। কোন শ্রেণির নাটক রচনায় তিনি কৃতিত্বের পরিচয় দিয়েছেন ?

(গ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোনো *তিনটি*) ৬×৩= ১৮

শঙ্কর কবিচন্দ্র; ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়; স্বামী বিবেকানন্দ; অমৃতলাল বসু; সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়; মীর মোশাররফ হোসেন; বঙ্গদর্শন; রক্তকরবী; নবান্ন।

২। (ক) কমেডি রচনায় শেক্সপীয়র-এর প্রতিভার পরিচয় দাও। ১৬

অথবা

রোমান্টিক কবি হিসেবে ওয়ার্ডসওয়ার্থের কাব্য প্রতিভার পরিচয় দাও।

(খ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোনো *একটি*) ৪

ওথেলো; ওড টু দ্য ওয়েস্ট উইণ্ড; দ্য এনসিয়েন্ট মেরিনার; কুবলা খান।

৩। (ক) প্রাচীন ভারতীয় আর্য ভাষার কালপর্ব উল্লেখ করে এর প্রধান বৈশিষ্ট্যগুলোর পরিচয় দাও। ১০

অথবা

বাংলা শব্দভাণ্ডার সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(খ) ব্যুৎপত্তি নির্ণয় করোঃ (যে-কোনো *আটটি*) ১×৮= ৮

আইচ; আনারস; কাছারি; ঝি; গাঙ; পান; বাছুর; শাশুড়ি; ন্যাওটা; মাছ; সাঁওতাল; সুড়ঙ্গ; সাঁঝ।

(গ) টীকা লেখোঃ (যে-কোনো *তিনটি*) ৪×৩= ১২

স্বনিম; উপভাষা; অভিশ্রুতি; যৌগিক স্বর; অর্থসংকোচ; শ্রুতিধ্বনি।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-I Examination, 2019

## BENGALI

## PAPER-II

Time Allotted: 4 Hours

Full Marks: 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। (ক) সনেট বলতে কী বোঝো ? এর বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ১০

**অথবা**

গীতিকবিতার সঙ্গে মহাকাব্যের পার্থক্য চিহ্নিত করো।

(খ) গাথাকাব্য বলতে কী বোঝো ? প্রাচীন ও আধুনিক গাথাকাব্যের পার্থক্য নির্দেশ করো। ১০

**অথবা**

সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো ***দুটি***) ৫×২=১০

মহাকাব্য; ভক্তিমূলক কবিতা; নীতি কবিতা; ওড বা স্তোত্র কবিতা।

২। 'অভিসার' কাকে বলে ? 'অভিসার' পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্বের পরিচয় দাও। ১৬

**অথবা**

ভাবোল্লাস বা ভাবসম্মিলন কাকে বলে ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্বের পরিচয় দাও।

৩। কবিকঙ্কণ চণ্ডীতে 'গ্রন্থোৎপত্তির কারণ' অংশে আত্মজীবনের পরিচয় দিতে গিয়ে মুকুন্দ চক্রবর্তী সমকালীন সমাজের যে ছবি এঁকেছেন, তার পরিচয় দাও। ১৬

**অথবা**

কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে উপন্যাসের কী কী লক্ষণ ফুটে উঠেছে, সেগুলো আলোচনা করো।

৪। 'আগমনী-বিজয়া'র পদগুলিতে সমাজ-জীবনের যে চিত্র ফুটে উঠেছে, তা পাঠ্য পদ অবলম্বনে আলোচনা করো। ১৬

**অথবা**

কবি রামপ্রসাদ সেন অথবা কবি কমলাকান্ত ভট্টাচার্যের কৃতিত্ব আলোচনা করো।

৫। (ক) অমিত্রাক্ষর ছন্দ সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ৯

অথবা

টীকা লেখোঃ ৩×৩= ৯

লয়; তানপ্রধান; যতি।

(খ) যে-কোনো *দুটি* ছন্দের ছন্দোলিপি নির্ণয় করোঃ ৪×২= ৮

(অ) হায়রে কবে কেটে গেছে কালিদাসের কাল।
পণ্ডিতেরা বিবাদ করে লয়ে তারিখ সাল।।

(আ) ঝর্ণা ঝর্ণা সুন্দরী ঝর্ণা
তরলিত চন্দ্রিকা চন্দন বর্ণা।

(ই) ছিপখান তিন দাঁড়
তিন জন মাল্লা।
চৌপর দিন ভর
দেয় দূর পাল্লা।।

(ঈ) মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

৬। (ক) উপমা বলতে কী বোঝ ? উপমা কয় প্রকার, উদাহরণসহ আলোচনা করো। ৩+৬= ৯

অথবা

টীকা লেখোঃ

যমক; সমাসোক্তি; উৎপ্রেক্ষা। ৩×৩= ৯

(খ) অলঙ্কার নির্ণয় করোঃ (যে-কোনো *দুটি* ) ৩×২= ৬

(অ) ভারত ভারতখ্যাত আপনার গুণে।

(আ) চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা।

(ই) নামে সন্ধ্যা তন্দ্রালসা
সোনার আঁচল খসা
হাতে দীপশিখা।

(ঈ) ধরণী এগিয়ে এসে দেয় উপহার।
ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আমার।।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-II Examination, 2019

## BENGALI

## PAPER-III

Time Allotted: 4 Hours　　　　Full Marks: 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। (ক) ঐতিহাসিক উপন্যাস ও রোমান্সধর্মী উপন্যাসের পার্থক্য আলোচনা করো। 'ইতিহাস রস' বলতে কী বোঝো ? ৮+২

অথবা

সামাজিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি কী কী ? উদ্ভব যুগ থেকে শরৎচন্দ্র পর্যন্ত বাংলা সামাজিক উপন্যাসের রূপরেখা নির্মাণ করো। ১০

(খ) ছোট গল্পের সমাপ্তি কত রকমের হয়ে থাকে ? সমাপ্তির দিক্ থেকে বিভিন্ন প্রকার ছোট গল্প সম্পর্কে উদাহরণ সহযোগে আলোচনা করো। ১০

অথবা

উপন্যাস হয়ে উঠবার জন্য কোন্ কোন্ বৈশিষ্ট্য থাকা প্রয়োজন ? যে-কোনো একটি বাংলা উপন্যাসের সাপেক্ষে বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ

(ক) 'রজনী' উপন্যাসে বঙ্কিমচন্দ্র রজনীর অন্ধত্বকে কীভাবে ব্যবহার করেছেন — বিশদ আলোচনা করে বুঝিয়ে দাও। ১৬

অথবা

আত্মকথন রীতির উপন্যাস বলতে কী বোঝো ? 'রজনী' উপন্যাসে এই রীতির প্রয়োগ কতখানি সার্থকতা লাভ করেছে বুঝিয়ে দাও।

(খ) 'চোখের বালি' উপন্যাসের মাধ্যমেই বাংলা উপন্যাসে আধুনিকতার সূত্রপাত — মন্তব্যটির যাথার্থ্য আলোচনা করো। ১৬

অথবা

'চোখের বালি' উপন্যাসে বিনোদিনী ও আশালতা চরিত্রের তুলনামূলক আলোচনা করো।

(গ) 'পল্লীসমাজ' উপন্যাসে পল্লীসমাজই উপন্যাসের আধারে পরিবেশিত হয়েছে — আলোচনা করো। ১৬

অথবা

'পল্লীসমাজ' উপন্যাসে রমা ও রমেশের সম্পর্কের দ্বন্দ্ব জটিল হয়ে উঠেছে — বিশদ আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাওঃ ৪×৩ = ১২

(ক) 'রজনী' উপন্যাসে লবঙ্গলতা চরিত্রের বৈশিষ্ট্য লেখো।

(খ) "সমস্ত সমাজের কাছে আমি তোমাকে লাঞ্ছিত করিব, এ কখনো হইতেই পারে না"- বক্তা কে ? কাকে এ কথা বলা হয়েছে ? লাঞ্ছিত করার ঘটনাটি ব্যাখ্যা করো।

(গ) "এ ঘরে আজ সে অতিথি মাত্র" - কার সম্পর্কে বলা হয়েছে ? বক্তার মানসিক অবস্থার পরিচয় দাও।

(ঘ) "রমা, বাঁশ নুইয়ে ফেলতে চাও ত, এই বেলা, পেকে গেলে আর হবে না তা নিশ্চয় বলে দিচ্চি।" - 'বাঁশ' বলতে কাকে বোঝানো হয়েছে ? উক্তিটি থেকে উদ্দিষ্টের ব্যক্তিত্বের কী পরিচয় পাওয়া যায় ?

(ঙ) "ধীরে, রজনী ধীরে।" - প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৪। (ক) 'কঙ্কাল' গল্পটিকে কি অতিপ্রকৃত রসের গল্প বলা যায় ? গল্পটি অবলম্বনে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

অথবা

"জেল ভালো, লোহার বেড়ি মিথ্যা কথা বলে না।" উক্তিটির আলোকে 'মেঘ ও রৌদ্র' গল্পের শশিভূষণ চরিত্রটি আলোচনা করো।

(খ) 'আদরিনী' গল্পে মানুষ ও মানবেতর প্রাণির পারস্পরিক সম্পর্কের যে স্নিগ্ধ-মধুর আলেখ্য রচিত হয়েছে, গল্পটি অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

অথবা

'কেন ?' গল্পের নামকরণেই লেখিকা যে প্রশ্নের জন্ম দিয়েছেন, সেই প্রশ্নের কোন উত্তর আলোচ্য গল্পে আছে কি না আলোচনা করে বুঝিয়ে দাও।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-II Examination, 2019

## BENGALI

## PAPER-IV

Time Allotted: 4 Hours | Full Marks: 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। (ক) ব্যক্তিগত প্রবন্ধ বলতে কি বোঝো ? এই শ্রেণির প্রবন্ধের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

অথবা

পত্র-সাহিত্য কাকে বলে ? বাংলা পত্র-সাহিত্যের একজন লেখকের রচনার সাপেক্ষে পত্র-সাহিত্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) সাহিত্য সমালোচনা প্রসঙ্গে রবীন্দ্রনাথের অভিমত ব্যক্ত করো। ১০

অথবা

ইম্প্রেশনিস্টিক ক্রিটিসিজম্ বলতে কী বোঝো ? এই শ্রেণির সাহিত্য সমালোচনার শক্তি ও দুর্বলতার পরিচয় দাও।

২। (ক) 'পঞ্চভূত' গ্রন্থটির গদ্যরীতি সম্পর্কে আলোচনা করো। ১৬

অথবা

'সৌন্দর্যের সম্বন্ধ' প্রবন্ধ অনুসারে রবীন্দ্রনাথের সৌন্দর্য ভাবনার পরিচয় দাও।

(খ) 'বিজ্ঞানে সাহিত্য' প্রবন্ধে জগদীশচন্দ্র বসু বিজ্ঞান ও সাহিত্যের সম্পর্ক কীভাবে দেখিয়েছেন — আলোচনা করো। ১৬

অথবা

"ঈশ্বরগুপ্তের কবিত্ব কি প্রকার তাহা বুঝিতে গেলে তাহার দোষ গুণ দুই বুঝিতে হয়।" – ঈশ্বরগুপ্তের কবিত্ব সম্পর্কে বঙ্কিমচন্দ্রের অভিমত নিজের ভাষায় লেখো।

(গ) "বইখানি ভাবুকের জন্যে লেখা এবং ভাবুকের দ্বারা লিখিত।" – ধূর্জটিপ্রসাদের 'অন্তঃশীলা' সম্পর্কে সুধীন্দ্রনাথ দত্তের এই অভিমতের তাৎপর্য ব্যাখ্যা করো। ১৬

অথবা

"চিত্রাঙ্গদা একাধারে কাব্য, চিত্র ও সঙ্গীত; অতএব তা চরম কাব্য" – এই মন্তব্যের আলোকে 'চিত্রাঙ্গদা' প্রবন্ধে প্রাবন্ধিকের দৃষ্টিভঙ্গীর পরিচয় দাও।

৩। যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাওঃ ৪×৩= ১২

(ক) 'বঙ্গভাষা ও সাহিত্য' কার রচনা ? এই রচনার মধ্যে লেখক কোন্ দ্বন্দ্বের পরিচয় পেয়েছেন ?

(খ) ''কবিকে মারিলে কবি মার তুলিয়া রাখেন'' - প্রাবন্ধিকের এই উক্তির প্রকৃত অর্থ নির্দেশ করো।

(গ) সত্যেন্দ্রনাথ দত্তের কবি প্রতিভাকে বুদ্ধদেব বসু কীভাবে মূল্যায়ন করেছেন - পঠিত প্রবন্ধ অনুসারে লেখো।

(ঘ) দক্ষযজ্ঞের বিবরণ থেকে দেবতা হিসাবে শিবের কোন্ প্রকৃতির পরিচয় পাওয়া যায় ?

(ঙ) ''রত্ন লইয়া আসি না, স্বাস্থ্য লইয়া আসি।'' কোন্ উপলক্ষে এই উক্তি করা হয়েছে ? 'রত্ন' ও 'স্বাস্থ্য' বলতে কী বোঝানো হয়েছে ?

৪। (ক) 'ছিন্নপত্র'-এর পত্রগুলি গদ্যভাষায় লেখা হলেও এর মধ্যে কবিত্ব দুর্লক্ষ নয় — আলোচনা করো। ১০

অথবা

'ছিন্নপত্র'-এর পত্রগুলিতে পূর্ববঙ্গের পদ্মাতীরবর্তী প্রকৃতির যে চিত্র অঙ্কিত হয়েছে, তার পরিচয় দাও।

(খ) 'ছিন্নপত্র'-এর পত্রগুলিতে ব্যক্তি রবীন্দ্রনাথের পরিচয় কীভাবে ফুটে উঠেছে পাঠ্য পত্রগুলি অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

অথবা

'ছিন্নপত্র'-এর পত্রগুলি প্রধানত কাকে লেখা ? পত্রগুলিতে পত্র-রচয়িতা ও পত্র-প্রাপকের যে অন্তরঙ্গতার পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-III Examination, 2019

## BENGALI

## PAPER-V

Time Allotted: 4 Hours | Full Marks: 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×২

(ক) ট্রাজেডিতে প্লট না চরিত্র – কোনটির গুরুত্ব বেশি, সে সম্পর্কে এ্যারিস্টটলের অভিমত বিস্তারিত আলোচনা করো।

(খ) ত্রয়ী ঐক্য কাকে বলে ? ট্রাজেডিতে ত্রয়ী ঐক্যের গুরুত্ব বিবৃত করো।

(গ) পৌরাণিক নাটক কাকে বলে ? একটি বাংলা পৌরাণিক নাটক আলোচনা করে দেখাও যে নাটকটিতে পুরাণের অলৌকিকতা ও বাস্তবের বিশ্বাসযোগ্যতা কীভাবে রক্ষিত হয়েছে ?

(ঘ) অ্যাবসার্ড বলতে কী বোঝায় ? একটি বাংলা অ্যাবসার্ড নাটকে এই বৈশিষ্ট্যগুলি কীভাবে পরিস্ফুট হয়েছে তা আলোচনা করে দেখাও।

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×২

(ক) বাংলার শৌখিন নাট্যশালার উৎপত্তির ইতিহাস বিবৃত করে যে-কোন একটি শৌখিন রঙ্গালয়ের প্রতিষ্ঠা, অভিনয় ধারা ও বিলুপ্তির সংক্ষিপ্ত বিবরণ দাও।

(খ) গ্রেট ন্যাশনাল থিয়েটারের প্রতিষ্ঠার ইতিহাস সংক্ষেপে বিবৃত করে বাংলা থিয়েটারের ইতিহাসে এর ভূমিকা আলোচনা করো।

(গ) স্টার থিয়েটারের ইতিহাসকে কয়টি পর্বে ভাগ করা যায় ? যে-কোন একটি পর্বের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে বাংলা থিয়েটারের ইতিহাসে স্টার থিয়েটারের অবদান নিরূপণ করো।

(ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ

(অ) বেঙ্গলী থিয়েটার

(আ) শম্ভু মিত্র

৩। 'নীলদর্পণ নাটক নয়, নাট্যচিত্র' – এই মন্তব্যটি 'নীলদর্পণ' নাটকের শিল্পমূল্য প্রসঙ্গে কতখানি গ্রহণযোগ্য তা বুঝিয়ে দাও। ১৬

অথবা

নবীনমাধব না তোরাপ – এদের মধ্যে কাকে 'নীলদর্পণ' নাটকে নায়কের মর্যাদা দেওয়া যায় তা যুক্তিসহ আলোচনা করো।

৪। 'মুক্তধারা' নাটকটির প্রাথমিক খসড়ায় রবীন্দ্রনাথ নাম রেখেছিলেন 'পথ'। পরে এর নাম পাল্টে করেন – 'মুক্তধারা'। কোন্ নামটি তোমার মতে যুক্তিযুক্ত তা আলোচনা করে দেখাও। ১৬

অথবা

'মুক্তধারা' নাটকে ধনঞ্জয় বৈরাগী চরিত্রটি কোন রক্ত-মাংসের মানব চরিত্র নয়, নাট্যকারের idea-র বিমূর্ত প্রতিনিধি মাত্র' — আলোচনা করো।

৫। 'ছেঁড়া তার' একই সঙ্গে 'পরাজয় ও প্রতিবাদের নাটক'। নাটকটির মূল বক্তব্যের আলোকে উক্তিটির যাথার্থ্য বিচার করো। ১৬

অথবা

'ছেঁড়া তার' নাটকের নায়িকার চরিত্রটি ভুল-ভ্রান্তি-দ্বিধা-দ্বন্দ্ব-প্রেম ও হতাশায় একটি খাঁটি ট্রাজিক নারী চরিত্র হয়ে উঠেছে — আলোচনা করো।

৬। যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাওঃ ৪×৩

(ক) নীলদর্পণের সংলাপে যে ছড়া ও প্রবাদ প্রবচনের প্রয়োগ রয়েছে তার অন্ততঃ চারটি দৃষ্টান্ত দাও।

(খ) "ও ঝ্যামন কুকুর মুই তেমন মুগুর,
সমিন্দির ঝ্যামন চাবালি মোর তেমনি
হাতের পোঁচা" – বক্তা কে ? কোন প্রসঙ্গে এই উক্তি ? এর অর্থ বুঝিয়ে দাও।

(গ) "এই জলের শব্দে আমি আমার মাতৃভাষা শুনতে পাই" – বক্তা কে ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) 'মুক্তধারা' নাটকে ভৈরবপন্থীদের শঙ্কর বন্দনা মন্ত্রটির তাৎপর্য কী ?

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-III Examination, 2019

## BENGALI

## PAPER-VI

Time Allotted: 4 Hours — Full Marks: 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। 'বীরাঙ্গনা কাব্য'-এর নারী চরিত্রগুলি কোন্ অর্থে বীরাঙ্গনা ? কাব্যটির নামকরণের সার্থকতা আলোচনা প্রসঙ্গে তা বুঝিয়ে দাও। ১৬

অথবা

'দুষ্মন্তের প্রতি শকুন্তলা' পত্রিকায় শকুন্তলা চরিত্রটি কীভাবে বীরাঙ্গনা হয়েছে, তা আলোচনা করো।

২। 'সোনার তরী' কাব্যে রবীন্দ্রনাথের যে মর্ত্য-প্রীতির পরিচয় পাওয়া যায়, তা তোমার পাঠ্য কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও। ১৬

অথবা

'যেতে নাহি দিব' কবিতাটির অন্তর্নিহিত ভাববস্তু বিশ্লেষণ করো।

৩। 'নবজাতক' কাব্য গ্রন্থে 'মননজাত অভিজ্ঞতা'-কেই কবি বিশেষ গুরুত্ব দিয়েছিলেন - পাঠ্য কবিতা অবলম্বনে বিষয়টি পরিস্ফুট করো। ১৬

অথবা

'রাতের গাড়ি' কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের মৃত্যু-চেতনার স্বরূপ ব্যাখ্যা করো।

৪। (ক) আধুনিক যুগের দ্বিধা-দ্বন্দ্ব-সংশয়-ক্লান্তি-প্রতিবাদের ভাব 'চম্পা' কবিতাটিকে একটি আধুনিক কবিতার মর্যাদা দিয়েছে — আলোচনা করো। ১০

অথবা

কবির দুঃখবাদী চেতনা, দরিদ্র মানুষের প্রতি গভীর সহানুভূতি এবং ঈশ্বরচেতনা 'কচিডাব' কবিতাটির মধ্যে পরিস্ফুট হয়েছে - এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।

(খ) 'পান্থ' কবিতায় ভোগবাদী কবির যে জীবন-দর্শন প্রতিফলিত হয়েছে, তার আলোচনা করো। ১০

অথবা

'দারিদ্র্য' কবিতায় দারিদ্র্যের নিষ্ঠুরতা ও মহত্বকে কবি কীভাবে প্রতিষ্ঠিত করেছেন — আলোচনা করো।

৫। (ক) বুদ্ধদেব বসু 'বন্দীর বন্দনা' কবিতায় দেহ নির্ভর প্রেমচেতনার যে পরিচয় দিয়েছেন, তা আলোচনা করো। ১০

অথবা

'নগ্ন নির্জন হাত' কবিতায় জীবনানন্দ দাশের পরাবাস্তববাদী চেতনা যেভাবে অঙ্কিত হয়েছে তা বিশ্লেষণ করে দেখাও।

(খ) আধুনিক কালের প্রেম খণ্ডিত ও আশাহত – 'টপ্পা ঠুংরি' কবিতাটি বিশ্লেষণ করে এই বক্তব্যের যাথার্থ্য নিরূপণ করো। ১০

অথবা

'উটপাখি' কবিতাটিতে 'মরুভূমি' ও 'উটপাখি' বলতে কী বোঝানো হয়েছে ? কবি উটপাখিকে "সিকতা সাগরে সাধের তরণী" হতে বলেছেন কেন ?

৬। যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাওঃ ৪×৩ = ১২

(ক) কেকয়ী তাঁর পত্রিকায় দশরথকে 'পরম অধর্মচারী' বলে মন্তব্য করেছেন কেন ?

(খ) 'নীলধ্বজের প্রতি জনা' পত্রিকায় জনা তাঁর স্বামী নীলধ্বজের আচরণের বিরুদ্ধে যে যে যুক্তি উপস্থাপন করেছে, তা নিজের ভাষায় লেখো।

(গ) "তোমাদের আমি চাহিনা কারেও
শশী চাই করতলে।" – কোন কবিতার অংশ ? শশী চাওয়ার প্রকৃত অর্থ নিজের ভাষায় লেখো।

(ঘ) "আর পাব কোথা,
দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা।"
— এখানে কী পাওয়ার কথা বলা হয়েছে ? দেবতাকে প্রিয় এবং প্রিয়কে দেবতা করার মর্মার্থ লেখো।

(ঙ) "মানবের শিশু বারে বারে আনে
চির আশ্বাসবাণী।"
— কোন্ কবিতার অংশ ? অংশটির তাৎপর্য আলোচনা করো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-III Examination, 2019

## BENGALI

## PAPER-VII

Time Allotted: 4 Hours　　　　Full Marks: 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। আত্মজীবনীমূলক উপন্যাস কাকে বলে ? 'ধাত্রীদেবতা' আত্মজীবনীমূলক উপন্যাস কি না আলোচনা করে দেখাও। ১৬

অথবা

'মা এবং পিসিমা' এই দুই ভিন্নধর্মী চরিত্র শিবনাথের মানসিক গঠন তৈরিতে কী ধরনের প্রভাব ফেলেছে চরিত্র দুটির মূল প্রবণতা আলোচনা করে তোমার মতামত দাও।

২। আঞ্চলিক উপন্যাস কাকে বলে ? 'পদ্মা নদীর মাঝি' উপন্যাসকে আঞ্চলিক উপন্যাস বলা যায় কি না এ বিষয়ে তোমার মতামত দাও। ১৬

অথবা

'হোসেন মিঞা'-র চরিত্রটি আগাগোড়া রহস্যময়, চরিত্রটির বিস্তারিত পরিচয় দিয়ে তার রহস্যময়তার স্বরূপ পরিস্ফুট করো।

৩। চেতনা প্রবাহমূলক উপন্যাস হিসাবে 'জাগরী' উপন্যাসটি কতখানি সার্থক ? ১৬

অথবা

'জাগরী' উপন্যাসের চারটি চরিত্রের মধ্যে নীলুর অর্ন্তদ্বন্দ্বই সর্বাপেক্ষা বেশী"। মন্তব্যটির যাথার্থ্য প্রতিপন্ন করো।

৪। (ক) 'ট্রিলজি' উপন্যাসের প্রথম প্রস্তাবনা হিসাবে 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসটি কতদূর সার্থক আলোচনা করো। ১০

অথবা

'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের নিতাই ও নবকুমার চরিত্র দুটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) অবরোধবাসিনী নারীর মুক্তির আকাঙ্ক্ষা কীভাবে 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে রূপ পেয়েছে তা বুঝিয়ে দাও। ১০

অথবা

'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে লেখিকা ভাষা ব্যবহারে যে দক্ষতা দেখিয়েছেন উপযুক্ত উদ্ধৃতিসহ তার পরিচয় দাও।

৫। (ক) যুদ্ধকালীন বাংলাদেশে মধ্যবিত্তের চরম সংকটের যে ছবি 'অঙ্গার' গল্পে পাওয়া যায় তা আলোচনা করো। ১০

অথবা

'রেকর্ড' গল্পটি অবলম্বনে ছোট গল্পের শিল্পকৌশলের ক্ষেত্রে নারায়ণ গঙ্গোপাধ্যায়ের কৃতিত্ব নিরূপণ করো।

(খ) 'নিষাদ' গল্পে নিম্নশ্রেণীর মানুষের পুঞ্জীভূত বঞ্চনার ক্ষোভ কীভাবে নেতিবাচক পথে অগ্রসর হয়েছে কাহিনী বিশ্লেষণ করে তা আলোচনা করো। ১০

অথবা

'চোর' গল্পটির কাহিনী বিশ্লেষণ করে এর নামকরণের সার্থকতা বুঝিয়ে দাও।

৬। যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৪×৩= ১২

(ক) "কেষ্ট সিং ওই জানোয়ারটাকে ঘাড় ধরে আমার সীমানা থেকে বের করে দিয়ে এস।" — উক্তিটি কার ? জানোয়ারটা কে ছিল ? এই নির্দেশের মধ্য দিয়ে বক্তা চরিত্রটির কোন দিকটি ফুটে উঠেছে ?

(খ) "কপিলার মন বুঝিবার ক্ষমতা ভগবান কুবেরকে দেন নাই," — কোন প্রসঙ্গে এই উক্তি ? প্রসঙ্গটি আলোচনা করো।

(গ) "হু, কপিলা চলুক সঙ্গে। একা অতদূরে কুবের পাড়ি দিতে পারিবে না।" — কোথায় যাওয়ার কথা বলা হয়েছে ? অতদূরে পাড়ি দেওয়া ইত্যাদি সম্বন্ধে কোন ভিন্ন তাৎপর্য আভাসিত হয়েছে ?

(ঘ) "তুমি যা ভালো বোঝ তাই করো, মেয়ে মানুষের আবার মতামত।" — কোন প্রসঙ্গে কার উক্তি ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঙ) খাসা গড়ন পিটন মেয়েটার, কাজ চালিয়ে নিতে পারতো কিন্তু — এ কথা কার সম্পর্কে কে বলেছেন ? তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-III Examination, 2019

## BENGALI

## PAPER-VIII

Time Allotted: 4 Hours | Full Marks: 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। (ক) কালিদাস শুধু সৌন্দর্য সম্ভোগের কবি নন, তিনি গভীর জীবনদর্শনেরও ব্যাখ্যাতা। — আলোচনা করো। ১০

অথবা

'কুমার সম্ভবম্' কাব্যের কাহিনী বিশ্লেষণ করো। এই কাব্যের পরিণতি থেকে কবির জীবনদৃষ্টির কী পরিচয় পাওয়া যায় ?

(খ) শূদ্রকের 'মৃচ্ছকটিক' নাটকের কাহিনীটি আলোচনা করো। এই নাটকে সমাজের যে পরিচয় পাওয়া যায় তা তোমার ভাষায় পরিস্ফুট করো। ১০

অথবা

সংস্কৃত সাহিত্যর প্রেমকাব্যের ধারায় 'গীতগোবিন্দে'র স্থান নির্ণয় করো। এখানে প্রেমের 'দৈবায়ন' কতখানি সার্থক হয়েছে ?

২। (ক) হিন্দি সাহিত্যের ইতিহাসে কবি ভারতেন্দু হরিশ্চন্দ্রের ভূমিকা ও গুরুত্ব আলোচনা করো। ১০

অথবা

'ছায়াবাদ' কী ? ছায়াবাদী কাব্যান্দোলনের প্রবর্তক কবিদের মধ্যে সুমিত্রানন্দন পন্থ-এর কাব্যধারা আলোচনা করো।

(খ) হিন্দি উপন্যাস সাহিত্যে প্রেমচন্দের অবদান আলোচনা করো। ১০

অথবা

বাংলা ও হিন্দি সাহিত্যের পারস্পরিক সম্পর্কের ইতিহাস সংক্ষেপে আলোচনা করো।

৩। ধ্বনিরাত্মা কাব্যস্য - এই মতটি আলোচনা করো। কাব্য বিচারে এই উক্তির গ্রহণযোগ্যতা কতখানি ? ১৬

অথবা

রস হচ্ছে নিজের আনন্দময় সম্বিতের আস্বাদরূপ ব্যাপার — ব্যাখ্যা করো।

৪। "সাহিত্যের প্রধান অবলম্বন জ্ঞানের বিষয় নহে, ভাবের বিষয়।" — আলোচনা করো। ১৬

**অথবা**

"সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ" - রবীন্দ্রনাথের 'সৌন্দর্যবোধ' প্রবন্ধ অবলম্বনে সৌন্দর্য ও মঙ্গলের সম্বন্ধে রবীন্দ্রনাথের ধারণার পরিচয় দাও।

৫। (ক) বিবক্ষিতান্যপর বাচ্য ধ্বনির সংজ্ঞা ও দৃষ্টান্ত দাও। ৪

**অথবা**

সমাসোক্তি অলংকারের সঙ্গে ধ্বনির পার্থক্যটি বুঝিয়ে দাও।

(খ) "প্রকাশই কবিত্ব" — ব্যাখ্যা করো। ৪

**অথবা**

"রচনার মধ্যেই লেখক যথার্থরূপে বাঁচিয়া থাকে।" - এ কথার তাৎপর্য ব্যাখ্যা করো।

৬। প্রবন্ধ রচনা করোঃ (যে-কোনো *একটি*) ২০

(ক) বাংলা সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব

(খ) রবীন্দ্র পরবর্তী বাংলা উপন্যাস সাহিত্য

(গ) বাংলা একাঙ্ক নাটক

(ঘ) বাংলা ছোটগল্পে সমাজ ভাবনা

(ঙ) উত্তরবঙ্গের লোক সাহিত্য।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-I Examination, 2019

## ELECTIVE BENGALI

## PAPER-I

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৪×৩= ৪২

(ক) বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সম্পর্কে আলোচনা করো।

(খ) 'দিগদর্শন' থেকে 'বঙ্গদর্শন' পর্যন্ত বাংলা সাময়িক পত্রিকার ইতিহাস বিবৃত করো।

(গ) নাট্যকার গিরিশচন্দ্র ঘোষের কয়েকটি নাটকের আলোচনা করে তাঁর কৃতিত্বের পরিচয় দাও।

(ঘ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কয়েকটি প্রধান প্রধান উপন্যাস অবলম্বনে তাঁর ঔপন্যাসিক প্রতিভার মূল্যায়ন করো।

(ঙ) বাংলা ছোটগল্পের উদ্ভব ও প্রতিষ্ঠায় রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো।

(চ) নজরুল ইসলামের কাব্যগুলি বিশ্লেষণ করে তিনি বাংলা কাব্যে কী নতুন সুর আনলেন, দেখাও।

২। যে-কোনো ***দুটি*** বিষয়ের উপর সংক্ষিপ্ত টীকা লেখোঃ ৪×২= ৮

সবুজপত্র; কমলাকান্তের দপ্তর; পুতুল নাচের ইতিকথা; সধবার একাদশী; ইতিহাস মালা;
মেঘনাদবধ কাব্য; মুক্তধারা; পথের পাঁচালী; সোনারতরী; প্যারীচাঁদ মিত্র; নীলদর্পণ।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-I Examination, 2019

## ELECTIVE BENGALI

## PAPER-II

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক*

*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ ১৪×৩= ৪২

(ক) অভিসার পর্যায়ের সংজ্ঞা দাও। বৈষ্ণব পদাবলীতে অভিসারের গুরুত্ব আলোচনা করো এবং এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কাব্যকৃতির পরিচয় দাও। ১৪

অথবা

'প্রেম বৈচিত্ত্য' ও 'আক্ষেপানুরাগ'-এর সংজ্ঞা দাও। 'আক্ষেপানুরাগ' পর্যায়ের শ্রেষ্ঠ কবির কবি- প্রতিভার স্বরূপ আলোচনা করো।

(খ) 'মাথুর' বলতে কী বোঝায় ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কয়েকটি পদের কাব্যসৌন্দর্য বিচার করো। ১৪

অথবা

"শুধু কি বৈকুণ্ঠের তরে বৈষ্ণবের গান ?" এই উক্তিকে মনে রেখে বৈষ্ণব-পদাবলীর মানবিক আবেদন সম্পর্কে আলোচনা করো।

(গ) 'কপোতাক্ষ নদ' সনেটে প্রবাসী কবির নিসর্গ প্রীতির যে পরিচয় পাওয়া যায় প্রাসঙ্গিক কবিতা বিশ্লেষণ করে তা দেখিয়ে দাও। ১৪

অথবা

'যশের মন্দির' সনেটটির ভাববস্তু বিশ্লেষণ করো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ ৪×২= ৮

(ক) "মন্দির বাহির কঠিন কপাট" — উক্তিটিতে কবির বক্তব্য পরিস্ফুট করো।

অথবা

"আজু হাম কি পেখলুঁ নবদ্বীপ চন্দ" — উদ্ধৃতিটি কার লেখা ? এটি কোন পর্যায়ের পদ ? 'পেখলুঁ' শব্দটির অর্থ কী ? পদ্যাংশটির বক্তব্য ব্যাখ্যা করো।

(খ) "ভারত রসের স্রোত আনিয়াছো তুমি" — কার সম্পর্কে বলা হয়েছে ? তার প্রতি কবির শ্রদ্ধার ভাবটি বুঝিয়ে দাও।

অথবা

"হে বঙ্গ ভাণ্ডারে তব বিবিধ রতন।" — বিবিধ রতন কী ? উদ্ধৃত অংশটির একটি রসগ্রাহী আলোচনা করো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-I Examination, 2019

## ELECTIVE BENGALI

## PAPER-III

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ ১৪×৩= ৪২

(ক) "বাস্তবিক বলেন্দ্রনাথের ভাষা কণারকের পরিত্যক্ত মন্দিরের মতোই, তাহাতে বলিষ্ঠ বিশালতার সঙ্গে কমনীয় সৌন্দর্যের কি অপরূপ সমন্বয়।" বিষয় বস্তু ও ভাষারীতি উভয় দিক থেকে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১৪

অথবা

'আমার মন' প্রবন্ধে প্রীতিতত্ত্বের যে ব্যাখ্যা লেখক দিয়েছেন, তা সংক্ষেপে লেখো।

(খ) 'দেবী চৌধুরাণী' উপন্যাসের ব্রজেশ্বর চরিত্র নায়কের মর্যাদায় উন্নীত হয়েছে কি না আলোচনা করো। ১৪

অথবা

'দেবী চৌধুরাণী' উপন্যাসে নারীর আত্ম-প্রতিষ্ঠার লড়াই কীভাবে ব্যক্ত হয়েছে — বুঝিয়ে দাও।

(গ) 'পোস্টমাস্টার' গল্পে প্রকৃতি ও মানব-মন একাত্মতা লাভ করেছে। গল্পটির উপসংহারকে কেন্দ্র করে প্রকৃতির গুরুত্বপূর্ণ ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১৪

অথবা

'মুক্তির উপায়' গল্পটিকে কি তোমার হাস্যরসাত্মক গল্প বলে মনে হয় ? যুক্তিসহ তোমার বক্তব্য পরিস্ফুট করো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ ৪×২= ৮

(ক) "ভারতবর্ষের নিখুঁত একটা ছবি আমার চোখের সামনে ফুটে উঠল।" — কোন ছবির কথা এখানে বলা হয়েছে ? ৪

অথবা

'বর্ষা ঋতু নিষ্প্রয়োজনের ঋতু' — প্রসঙ্গ উল্লেখ করে এরূপ বলার তাৎপর্য নির্ণয় করো।

(খ) 'অনুশীলনতত্ত্ব' সম্পর্কে আলোচনা করো। ৪

অথবা

"আমার চক্ষু খুলিয়া গেল, আমার হৃদয় বিকশিত হইল।" — কিসে লেখকের চক্ষু খুলিয়া গেল এবং তিনি কি দেখলেন ?

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-II Examination, 2019

## ELECTIVE BENGALI

## PAPER-IV

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ ১২

(ক) মিশ্রকলা বৃত্ত (তান প্রধান) ছন্দ কাকে বলে ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ বিবৃত করো।

অথবা

উদাহরণ সহযোগে সংজ্ঞা দাওঃ ৪×৩=১২

দল, ছেদ, পর্ব

(খ) ছন্দ-লিপি প্রস্তুত করোঃ (যে-কোনো *দুটি*) ৪×২=৮

(অ) কণ্টক গাড়ি কমলসম পদতল মঞ্জীর চীরহি ঝাঁপি।
গাগরি বারি ঢারি করি পীছল চলতহি অঙ্গুলি চাপি।।

(আ) বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এল বান
শিব ঠাকুরের বিয়ে হল তিন কন্যে দান।

(ই) আমি ক্লান্ত প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র সফেন,
আমারে দু-দণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।

(ঈ) ছিপখান তিনদাঁড় তিনজন মাল্লা
চৌপর দিনভর দেয় দূর পাল্লা।

(উ) শাশুড়ি ননদী নাই নাই তোর সতা।
কার সনে দ্বন্দ্ব করে চক্ষু কৈলি রাতা।।

২।(ক) অনুপ্রাস কাকে বলে ? এর শ্রেণীবিভাগ করো। প্রতিটি শ্রেণীর একটি করে উদাহরণ দাও। ৫

অথবা

দৃষ্টান্তসহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো *দুটি*) ২.৫×২=৫

ভ্রান্তিমান, রূপক, ব্যাজস্তুতি, শ্লেষ

২।(খ) অলংকার নির্ণয় করোঃ (যে-কোনো *দুটি*) ২.৫×২=৫

(অ) কে বলে ঈশ্বরগুপ্ত ব্যাপ্ত চরাচর
যার প্রভায় প্রভা পায় প্রভাকর।

(আ) আনিয়াছি ছুরি তীক্ষ্ণ দীপ্ত প্রভাত রশ্মি সম।

(ই) যব গোধূলি সময় বেলি
ধনি মন্দির বাহির গেলি
নব জলধর বিজুরি রেহা
দন্দ পসারি গেলি।

(ঈ) শিশির বিন্দু ছলে
ঊষাদেবী কুতূহলে
ফুল্ল নলিনী জালে
পরাইয়াছে সাবধানে মুকুতার মালা।

(উ) চল চপলার চকিত চমকে
করিছে চরণ বিচরণ।

৩। যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০

(ক) মহাকাব্য কাকে বলে ? উদাহরণসহ মহাকাব্যের শ্রেণীবিভাগ করো। যে-কোনো এক প্রকার মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) সামাজিক উপন্যাস কাকে বলে ? যে-কোনো একটি সামাজিক উপন্যাসের আলোচনা করে এধরনের উপন্যাসের বৈশিষ্ট্যগুলি নিরূপণ করো।

(গ) প্রবন্ধ কি ? ব্যক্তিগত ও বিষয়নিষ্ঠ প্রবন্ধের তুলনামূলক আলোচনা করো।

(ঘ) ট্র্যাজেডির সংজ্ঞা দাও। ট্র্যাজেডির কয়টি উপাদান ও কি কি ? এগুলির পরিচয় দাও।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-II Examination, 2019

## ELECTIVE BENGALI

## PAPER-V

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ ১৪×৩= ৪২

(ক) মানসী কাব্য প্রসঙ্গে রবীন্দ্রনাথ বলেছেন ''এখানে কবির সঙ্গে যেন একজন শিল্পী এসে যোগ দিল'' — মানসী কাব্য সম্পর্কে এরূপ মন্তব্যের সার্থকতা আলোচনা করো। ১৪

অথবা

'অহল্যার প্রতি' কবিতায় কবির যে প্রকৃতি প্রীতির রূপ ফুটে উঠেছে তার পরিচয় দাও। প্রসঙ্গত ছিন্নপত্রাবলীতে এর কোনো সূত্র পাওয়া যায় কিনা দেখাও।

(খ) 'বিসর্জন' নাটকের পরিণতি কতটা সার্থক হয়েছে, আলোচনা করো। ১৪

অথবা

'বিসর্জন' নাটকে জনতা চরিত্রের প্রয়োজনীয়তা ও গুরুত্ব আলোচনা করো।

(গ) কবি জীবনানন্দ দাশ 'চিত্ররীতি'র কবি — আলোচনা করো। ১৪

অথবা

'আবার আসিব ফিরে' — কবি কোথায় এবং কেন ফিরে আসার কথা বলেছেন ? এর মধ্যে কবির কী অনুভূতির প্রকাশ ঘটেছে ?

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৪×২= ৮

(ক) 'গড়ে তুলি মানসী প্রতিমা' — কবির মানসী প্রতিমা কে ? তিনি কীভাবে তাকে গড়ে তোলেন ?

(খ) 'বিসর্জন' নাটকটি কোন সময় রচিত ? কাকে উৎসর্গ করা হয় ? নাটকটিতে কোন প্রদেশের ইতিহাসকে অবলম্বন করা হয়েছে ?

(গ) 'মেঘদূত' কবিতায় কবি বলেছেন ''সেথা কে পারিত লয়ে যেতে তুমি ছাড়া'' — তুমি কে ? সেথা বলতে কোন জায়গার কথা বোঝানো হয়েছে ? কেন অন্য কেউ সেখানে নিয়ে যেতে পারত না ?

(ঘ) 'উপমাই কবিত্ব' — তোমার পঠিত 'রূপসী বাংলা'র কবিতাগুলি থেকে চারটি উপমার উদাহরণ দাও।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-II Examination, 2019

## ELECTIVE BENGALI

## PAPER-VI

Time Allotted: 2 Hours Full Marks: 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। 'দেনাপাওনা' উপন্যাসে নির্মল-হৈম উপকাহিনীর প্রয়োজনীয়তা আলোচনা করো। ১৪

**অথবা**

'দেনাপাওনা' উপন্যাসের পরিণতি কী শিল্পসার্থকতা পেয়েছে ? — যুক্তিসহ আলোচনা করো।

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৪×২=২৮

(ক) 'দুঃশাসনীয়' গল্পের শেষে রাবেয়ার আত্মহত্যা একাধারে ব্যক্তিগত এবং সমষ্টিগত প্রতিবাদ — মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

(খ) প্রেমেন্দ্র মিত্রের 'শুধু কেরানী' গল্পের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) নরেন্দ্রনাথ মিত্রের 'একপো দুধ' ছোটোগল্পে সামান্য একপো দুধ কীভাবে মানব সম্পর্ককে সংকীর্ণ গণ্ডী ছাড়িয়ে বৃহত্তর ক্ষেত্রে পৌঁছে দিল — তা বিশ্লেষণ করে দেখাও।

(ঘ) 'তারিণী মাঝি' গল্পে সুখীকে হত্যার পরে তারিণী মাঝির যে মানসিক অবস্থা তৈরি হয়েছিল, সেই দ্বন্দ্ব কুটিল মনের পরিচয় দাও।

৩। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৪×২=৮

(ক) "ওঁর অসুখ করেছিল বলে বাড়ি যেতে পারিনি," — কার উক্তি ? কোন প্রসঙ্গে বক্তা এরূপ উক্তি করেছে ?

(খ) "পেটের ভাত ঐ ময়ূরাক্ষীর দৌলতে" — বক্তা কে ? তার এরূপ বলার কারণ কী ?

(গ) "আপনাকে আমি অতিশয় ঘৃণা করি এবং এক পাপিষ্ঠের জন্য আর এক পাপিষ্ঠের অনুরোধ করতে আমি লজ্জা বোধ করি।" — উক্তিটি কার ? দুই পাপিষ্ঠ কে কে ? একথা বলার কারণ কী ?

(ঘ) "আশঙ্কায় উৎকণ্ঠায় এককড়ির মুখ বিবর্ণ হইয়া গেল।" — এককড়ি কে ? তার মুখ বিবর্ণ হয়ে যাওয়ার কারণ বর্ণনা করো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. General Part-III Examination, 2019

## ELECTIVE BENGALI

## PAPER-VII

Time Allotted: 3 Hours | Full Marks: 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত শব্দগুলির যে-কোনো ***দশটির*** পরিভাষা লেখোঃ ১×১০=১০

Analogy; Climax; Ballad; Dialect; Catastrophe; Naturalism; Mimesis; Irony; Satire; Poetic Justice; Fable; Trilogy; Motif; Tautology.

২। নিম্নে প্রদত্ত রচনাটির প্রুফ সংশোধন করোঃ (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুসারে) ১০

"গিরি, এ বার আমার উমাএলে, আর —
উমা পাঠাবো না।
বলে বলবে লোকে মন্দ কারো কথা
শুনবো না।
যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কই
এবার মাযেঝিয়ে করবো ঝগড়া জামা বলে মানব না
দ্বিজ রাম প্রসাদ কয় এ দুঃখ কি প্রানে সয়
শিব শসানে-মশানে ফিরে ভাবে না।"

(পাণ্ডুলিপি নীচে দেওয়া হল)

'গিরি, এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না।
বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনবো না।
যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয় —
এবার মায়ে-ঝিয়ে করবো ঝগড়া, জামাই বলে মান্‌ব না।
দ্বিজ রামপ্রসাদ কয়, এ দুঃখ কি প্রাণে সয়,
শিব শ্মশানে মসানে ফিরে, ঘরের ভাবনা ভাবে না।'

৩। যে-কোনো *একটি* বিষয় অবলম্বন করে প্রবন্ধ রচনা করোঃ (অনধিক ৩০০ শব্দে) ১৫×১= ১৫

(ক) বাংলা সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব

(খ) স্বামী বিবেকানন্দ ও যুবসমাজ

(গ) বাংলা আঞ্চলিক উপন্যাস

(ঘ) বাংলা ভ্রমণ সাহিত্য।

৪। উদাহরণসহ সংজ্ঞা দাওঃ (যে-কোনো *দুটি*) ৫×২= ১০

স্বরাগম, সংকর শব্দ, মূর্ধন্যীভবন, বিপর্যাস, সুভাষণ।

৫। নিম্ন প্রদত্ত অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা অথবা রোমান বর্ণমালা অনুসারে লিপ্যন্তর করো। ১০

“এই নিতান্ত নিঃসঙ্গ প্রবাসে ঘনবর্ষায় রোগকাতর শরীরে একটুখানি সেবা পাইতে ইচ্ছা করে। তপ্ত ললাটের উপর শাঁখাপরা কোমল হস্তের স্পর্শ মনে পড়ে। এই ঘোর প্রবাসে রোগযন্ত্রণায় স্নেহময়ী নারী রূপে জননী ও দিদি পাশে বসিয়া আছেন এই কথা মনে করিতে ইচ্ছা করে; এবং এ স্থলে প্রবাসীর মনের অভিলাষ ব্যর্থ হইল না। বালিকা রতন আর বালিকা রহিল না। সেই মুহূর্তেই সে জননীর পদ অধিকার করিয়া বসিল।”

৬। শিক্ষাক্ষেত্রে ব্যাপক প্রাইভেট টিউশনের ভালো-মন্দ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো। ১৫

**অথবা**

শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র রাজনীতির প্রভাব সম্পর্কে শিক্ষামন্ত্রীর সঙ্গে একটি কাল্পনিক সাক্ষাৎকার লেখো। ১৫

৭। অনগ্রসর ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে কম্পিউটার শিক্ষার্থে একটি সংস্থার পক্ষ থেকে বিজ্ঞাপন প্রস্তুত করো। ১৫

**অথবা**

মহাবিদ্যালয়ের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান উপলক্ষে ছাত্র-সংসদের পক্ষ থেকে একটি আমন্ত্রণপত্র রচনা করো। ১৫

৮। বাংলায় অনুবাদ করোঃ ১৫

Psychology is a science of experience. Experiences of an individual are intimately connected with physiological process, especially of the nervous system. Hence psychology studies these physiological processes in order to adequately account for mental process. It does not study those physiological processes which are not related to mental process, because it is primarily concerned with mental processes and behaviour.

——×——